

‘দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮.৫৭৮(২)

তারিখ : ২৬/০৭/২০১৮ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ২৫০ মেঃটন গমের চলাচল সূচি।

সূত্র : আখানি, ঢাকা এর ২৪/০৭/২০১৮ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২০২.৫০.০০৫.১৮.২১৪৮ নং স্মারক।

নরসিংদী সদর এলএসডিতে ইপি, ওপি এবং ওএমএস (ময়দামিল) সহ বিভিন্ন খাতে বিলি বিতরণের লক্ষ্যে সড়ক পথে ২৫০ মেঃটন গমের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচল সূচি :

| ক্রঃ নং | প্রেরক | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মেঃটন) | পণ্য | মাধ্যম | মন্তব্য |
|---------|---------------|-------------|----------------|----------------|------|--------|--------------------------|
| ১. | নাঃগঞ্জ সাইলো | নরসিংদী | নরসিংদী এলএসডি | ২৫০ | গম | সড়ক | আখানি ঢাকা পরিবহণ করবেন। |
| | | | মোট = | ২৫০ | | | |

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, নাঃগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। গম পরিবহণ, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।
- ৬। ডি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতীস্বাক্ষরপূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতীস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি স্ব স্ব তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

Signature

- ১০। সূচির মেয়াদ আগামী ৩০/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১১। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আত্মহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো।


স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৫.১৮.৫৭৮/২(১০)

স্বঃ


(মোঃ সেলিমুল আজম)
উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ২৬/০৭/২০১৮ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নরসিংদী।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা,এলএসডি।
- ৬। অফিস কপি।



উপ-পরিচালক (চপরেস)
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।


২৬/৭/১৮